

## তিউনিসিয়া সফরে উপ রাষ্ট্রপতি (জুন ০২-০৩, ২০১৬)

মাননীয় উপ রাষ্ট্রপতি শ্রী এম হামিদ আনসারি, সঙ্গী শ্রীমতি সালমা আনসারিকে নিয়ে তিউনিসিয়ার প্রধানমন্ত্রী মান্যবর জনাব হাবিব এসিসদ-এর আমন্ত্রণে জুন ০২ থেকে জুন ০৩, ২০১৬ তিউনিসিয়া সফর করবেন। তাঁর সফরসঙ্গী হবেন রাসায়নিক ও সার মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী শ্রী হংসরাজ গঙ্গারাম অহির, সংসদের চার সদস্য, উর্ধ্বতন কর্মকর্তা এবং সংবাদমাধ্যম।

ভারত ও তিউনিসিয়ার মধ্যে খুব আন্তরিক দ্বিপাক্ষিক সম্পর্ক রয়েছে। ফসফেট খাতে ভারতীয় বিনিয়োগ দু'দেশের অর্থনৈতিক সহযোগিতাকে গভীরতর করেছে। এই সফরকালে বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির আরও পদ্ধতি নিয়ে আলোচনা হবে।

এই সফরকালে উপ রাষ্ট্রপতি তিউনিস প্রেসিডেন্ট মহামান্য জনাব বেজি কেইড ইসাবেসাই এবং প্রধানমন্ত্রী মান্যবর জনাব হাবিব এসিসদ-এর সঙ্গে উভয় দেশের সাধারণ স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা করবেন।

উপ রাষ্ট্রপতি বৈঠক করবেন তিউনিসিয়ার সংসদের বহুদলীয় সদস্য এবং তিউনিসিয়া-ভারত সংসদীয় বিভাগের সঙ্গে, যেখানে তাঁকে স্বাগত জানাবেন তিউনিসিয়ার জনগণ প্রতিনিধি পরিষদের প্রেসিডেন্ট। উপ রাষ্ট্রপতি তিউনিসিয়ান কূটনৈতিক সভা এবং নেতৃস্থানীয় পণ্ডিত এবং তিউনিসিয়ান ইনস্টিটিউট ফর স্ট্র্যাটেজিক স্টাডিজ-এর নীতি নির্ধারকদের উদ্দেশ্যে বক্তব্য রাখবেন।

নয়াদিল্লি

মে ২৬, ২০১৬